



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৩.০৯.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য ‘শুন্দাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার ২৩ সেপ্টেম্বর বার্ষিক কর্মসম্পাদন চূড়ি ২০২৩-২৪ এবং জাতীয় শুন্দাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষকদের জন্য ‘শুন্দাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান।



কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (সাভার)’র পরিচালক (প্রশাসন) মোহাম্মদ রাজিবুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)’র পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

সার্বিক তত্ত্ববধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহমেদ এবং
সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

কর্মশালায় উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান বগেন, জ্ঞানার্জনের জন্য আমাদের আধুনিক
প্রযুক্তি ব্যবহার করতে হবে। একে অপরের সাথে যোগাযোগ এবং আন্তরিকতা বাড়াতে হবে। ব্যক্তি, পরিবার,
কর্মক্ষেত্র এবং সমাজের মধ্যে শুন্দাচারের দৃষ্টান্ত স্থাপন করে সমাজকে এগিয়ে নিতে হবে। শুন্দাচার সবার জন্যই
প্রয়োজন। নিজেদেরকে প্রশ্ন করতে হবে এবং সেই সাথে আত্মতুষ্টির প্রসারতা বৃদ্ধি করতে হবে। নিয়মের মধ্যে
থাকলে সামনে আগানো সহজ ও যেকোনো সমস্যার দ্রুত সমাধান করা সম্ভব।

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে প্রশিক্ষণ কর্মশালাটি দুটি ব্যাচে সকাল সাড়ে ১০টায়
প্রভাষক ও সহকারী অধ্যাপক এবং দুপুর আড়াইটায় সহযোগী অধ্যাপক ও অধ্যাপকগণ প্রশিক্ষণ গ্রহণ করেন।

কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের ড. এম ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবনের গ্যালারী ২ তে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।